

## দেশে বর্তমানে ইন্টারনেট ব্যবহারকারী ১৩ কোটি : প্রতিমন্ত্রী

বাসস ঢাকা



তথ্য ও যোগাযোগপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেন, দেশে বর্তমানে ১৩ কোটি ইন্টারনেট ব্যবহারকারী রয়েছে। ২০১০ সালের ১১ নভেম্বর প্রধানমন্ত্রী শেখ হাসিনা যখন ভোলা জেলার চর কুকরি- মুকরিতে ডিজিটাল সেন্টার উদ্বোধন করেন, তখন দেশে ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা ছিল ৫৬ লাখ।

গতকাল শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি অডিটোরিয়ামে ঢাকা বিশ্ববিদ্যালয় নাটোর জেলা ছাত্র কল্যাণ সমিতির 'নবীনবরণ এবং কৃতি সংবর্ধনা ২০২২' উপলক্ষে প্রধান আলোচকের বক্তব্যে জুনাইদ আহমেদ এসব কথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নাটোর-৪ আসনের সংসদ সদস্য মো. আবদুল কুদ্দুস।

বিজ্ঞাপন

সমিতির সভাপতি সাক্ষির সরকারের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য দেন নাটোর জেলা আওয়ামী

মহিলা লীগের সহসভাপতি কোহেলী কুদ্দুস প্রমুখ।

জুনাইদ আহমেদ বলেন, ডিজিটাল সেন্টার উদ্বোধনকালে প্রধানমন্ত্রী তরুণদের পাশাপাশি একজন তরুণীকে উদ্যোক্তা হিসেবে নিয়োগের সিদ্ধান্ত দিয়েছিলেন। বর্তমানে ৮ হাজার ৩৬৩টি ডিজিটাল সেন্টারে ১৬ হাজারের উপরে তরুণ-তরুণী উদ্যোক্তা হিসেবে কাজ করছেন। ডিজিটাল সেন্টারের উদ্যোক্তারা মানুষের দোরগোড়ায় ডিজিটাল সেবা পৌঁছে দিচ্ছে। তিনি বলেন, প্রতি মাসে ১ কোটি মানুষ এসব সেন্টার থেকে সেবা গ্রহণ করছে। সাড়ে ৬ লাখ ফ্রিল্যান্সার ঘরে বসেই দেশ-বিদেশে ব্যবসা করছে।

প্রতিমন্ত্রী মেধা ও প্রযুক্তির শক্তিকে কাজে লাগিয়ে নিজেদের আগামী দিনের উপযোগী করে গড়ে তুলতে শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। পরে তিনি নাটোর জেলার সাত উপজেলার সাতজন কৃতি শিক্ষার্থীর মধ্যে ল্যাপটপ প্রদান করেন।



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান  
স্বত্ব © ২০২২ প্রথম আলো